দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 DEC 2015
পৃষ্ঠা ... কলাম ...

# রংপুরে মেডিক্যাল শিক্ষার্থী নিহতের প্রতিবাদে বিক্ষোভ

■ রংপুর প্রতিনিধি

সড়ক দুর্ঘটনায় রংপুর কমিউনিটি মেডিক্যাল কলেজের ৪র্থ বর্ষের (৫ম ব্যাচ) মেধাবী ছাত্র আকিব সিহাম নিহতের ঘটনায় মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করেছে মেডিক্যাল শিক্ষার্থীরা। বৃহস্পতিবার দুপুরে রংপুর প্রেসক্লাবের সামনে ঘণ্টাব্যাপী মানববন্ধন কর্মসূচি পালন করা হয়। পরে সেখানে এক সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রংপুর কমিউনিটি মেডিক্যাল কলেজের ডেপুটি ডিরেক্টর আশরাফুল ইসলাম আলামিন, ভাইস প্রিন্সিপাল ডাঃ ওয়াদুদ মোস্তফা, সহকারী অধ্যাপক ডাঃ মোঃ মামুনুর রহমান, প্রভাষক দিদারুল ইসলাম, গীতা রানী, শিক্ষার্থী অঙ্কন, বর্নমী, আপন, রঞ্জন, অনিক, সৌমিক, বাপ্পী প্রমুখ। বক্তারা বলেন, মহানগরীর ধাপ এলাকার ডাঃ মোঃ সিরাজুল ইসলামের পুত্র, রংপুর কমিউনিটি মেডিক্যাল কলেজের ৪র্থ বর্ষের (৫ম ব্যাচ) মেধাবী ছাত্র আকিব সিহাম গত মঙ্গলবার দুপুরে মডার্ন মোড়ে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় প্রাণ হারায়। ঘাতক ট্রাক্টরটি ছিল রেজিস্ট্রেশনবিহীন। বক্তারা সড়ক ও মহাসড়কে নিরাপদ চলাচলের নিশ্চয়তার দাবি জানান।